উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা
সভাপতি:- প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থান:- উপজেলা নির্বাহী অফিসার, সভাকক্ষ, বোচাগঞ্জ,দিনাজপুর ।
তারিখ- ১৯/০৮/২০১৫, সময়: সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে আহবান জানান।

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার সার্বিক গুনগত মান উন্নয়নের জন্য বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সদস্যগন একমত প্রকাশ করেন যে, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সম্মানিত সকল সদস্য এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সম্মানিত সদস্যগন সহযোগিতা করলে অত্র উপজেলার প্রাথমিক শিক্ষার সার্বিক গুনগত মান উন্নয়ন নিশ্চিত করা যাবে।

সিদ্ধান্ত: বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সম্মানিত সকল সদস্যগণ এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সম্মানিত সদস্যগনকে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ঝরে পড়ার হার রোধ করা প্রয়োজন। শিক্ষার্থী ঝরে পড়লে প্রাথমিক শিক্ষার সার্বিক গুনগত মান উন্নয়ন ব্যাহত হবে। ঝরে পড়া রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:- ঝরে পড়া রোধসহ ইতোপূর্বে ঝরে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার লক্ষ্যে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ইউনিয়ন ও বিদ্যালয় ট্রাস্কফোর্স কমিটির সম্মানিত সকল সদস্য এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সম্মানিত সদস্যগনকে উদ্বুদ্ধ করার প্রয়োজনে নিয়মিতভাবে এ কমিটির সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৯/৮/২০১৫

সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

১৯/০৮/২০১৫

CamScanner

# প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার হাজিরা সীট

সময়: ১১.৩০ঘটিকা, তারিখ:১৯/৮/২০২৫ খ্রি:

স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,বোচাগনঞ্জ,দিনাজপুর

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: মারুফ হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বোচাগঞ্জ,দিনাজপুর | সভাপতি | |
| ২ | মো: ওয়াক্কাস কাঞ্চন<br>চেয়ারম্যান,৩নং মুশিদহাট ইউপি | সদস্য | |
| ৩ | উৎপল রায় বুলু<br>চেয়ারম্যান,২নং ইশানিয়া ইউপি | সদস্য | |
| ৪ | মো: নুরুন নবী চৌধুরী জামান<br>চেয়ারম্যান,২নং ইশানিয়া ইউপি | সদস্য | |
| ৫ | মো: আবু বক্কর সিদ্দীক<br>উপজেলা শিক্ষা অফিসার<br>বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য সচিব | |